মেহেরপুরে দুই ব্যবসায়ীকে ৫০ হাজার টাকা জরিমানা

মেহেরপুর সদর উপজেলার আমঝুপি বাজারে অভিযান চালিয়ে অননুমোদিতভাবে চাউল মজুত করার অপরাধে দুই ব্যবসায়ীর ৫০ হাজার টাকা জরিমানা করেছে ভোক্তা অধিকার।

বুধবার দুপুরে মেহেরপুরের ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের সহকারী পরিচালক সজল আহমেদ এ অভিযান পরিচালনা করেন। দণ্ডিতরা হলেন- আমঝুপি বাজারের চাউল ব্যবসায়ী আমজাদ হোসেন ও আব্বাস আলী।

সজল আহমেদ বলেন, আমঝুপি বাজারের মেসার্স আমজাদ খাদ্য ভান্ডার নামের লাইসেন্স বহির্ভূতভাবে প্রায় ৩ হাজার বস্তা অবৈধভাবে চাউল মজুদ, চাউলের ক্রয় বিক্রয় ভাউচার সংরক্ষণ না করা, মেয়াদ উত্তীর্ণ পণ্য বিক্রয়সহ বিভিন্ন অপরাধে প্রতিষ্ঠানটির মালিক মো: আমজাদ হোসেনকে ভোক্তা অধিকার সংরক্ষণ আইন ২০০৯ এর ৪৫ ও ৫১ ধারায় ৩০ হাজার টাকা এবং মেসার্স আব্বাস খাদ্য ভান্ডার নামের আরও একটি প্রতিষ্ঠানের মালিক আব্বাস আলীকে একই আইনের ৩৮ ও ৪৫ ধারায় ২০ হাজার টাকা জরিমানা করা হয় এবং তাদেরকে ১৫ দিনের মধ্যে সমস্ত চাউল বিক্রি করার নির্দেশ দেয়া হয়।

অভিযান চলাকালে জেলা কৃষি বিপণন কর্মকর্তা আব্দুর রাজ্জাক, জেলা নিরাপদ খাদ্য কর্মকর্তা রিয়াজ মাহমুদ এবং মেহেরপুর পুলিশ লাইনের একটি টিম সহযোগীতা করেন।

প্রসঙ্গত, গত মঙ্গলবার সদর উপজেলার বামনপাড়ায় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর অভিযান চালিয়ে চাউল মজুদের দায়ে এক ব্যবসায়ীকে ১৫ হাজার টাকা জরিমানা করে।

মুজিবনগরে ফেনসিডিল সহ একাধিক

মাদক মামলার আসামি আটক

৬০ বোতল ভারতীয় ফেনসিডিলসহ মো ইনসান বিশ্বাস নামের এক মাদক কারবারীকে আটক করেছে মেহেরপুর জেলা গোয়েন্দা পুলিশ (ডিবি)।

মাদক ব্যবসায়ী ইনসান বিশ্বাস মুজিবনগর উপজেলার সীমান্তবর্তি জয়পুর গ্রামের আব্দুল বিশ্বাসের ছেলে।

আজ মঙ্গলবার (২৩ জানুয়ারি) দিবাগত রাত ৯ টার দিকে গোপন সংবাদের ভিত্তিতে ইনসান বিশ্বাসের বাড়িতে অভিযান চালিয়ে ৬০ বোতল ভারতীয় ফেনসিডিলসহ তাকে আটক করেন।

মেহেরপুর জেলা গোয়েন্দা পুলিশের পরিদর্শক তরিকুল ইসলামের নেতৃত্বে সংগীয় এসআই(নিঃ) অরুণ কুমার, এএসআই(নিঃ)মোঃ মাসুদ রানা অভিযানে অংশ নেন।

ডিবি পুলিশের ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) সাইফুল আলম এই তথ্য নিশ্চিত করে জানান,গোপন সংবাদের ভিত্তিতে জয়পুর গ্রামের মাদক ব্যবসায়ী ইনসান বিশ্বাসের বাড়িতে বিশেষ অভিযান চালানো হয়। এসময় তার বসত ঘর থেকে ৬০ বোতল ফেনসিডিল উদ্ধার করা হয়।

আসামী ইনসান বিশ্বাসের বিরুদ্ধে মুজিবনগর থানায় এফআইআর নং ৬, তারিখ ১৩ নভেম্বর ২০২২, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনের ২০১৮ এর ধারা : ৩৬ (১) সরণির ১৪(গ)/৪১, মামলা নং জিআর ১৫২ মামলা রয়েছে।

এঘটনায় মুজিবনগর থানায় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে একটি নিয়মিত মামলা দায়ের করা হয়েছে।

কুষ্টিয়ায় অবৈধভাবে মাটি কাটার অভিযোগে ২জনের কারাদণ্ড

কুষ্টিয়ার দৌলতপুরে সরকারি খাল থেকে অবৈধভাবে মাটি কাটার অভিযোগে ২জনকে কারাদণ্ড দিয়েছেন ভ্রাম্যমাণ আদালত।

মঙ্গলবার (২৩ জানুয়ারি) বিকেলে উপজেলার ফিলিপনগর ইউনিয়নের বাহিরমাদী এলাকায় সরকারি খাল থেকে অবৈধভাবে মাটি কেটে ইটভাটায় সরবরাহ করার অভিযোগে সেলিম রেজা ও সরকারি কাজে অসহযোগিতা করায় ফরজ আলী নামে দু’জনকে ১৫দিন করে বিনাশ্রম কারাদণ্ড দিয়েছেন ভ্রাম্যমাণ আদালতের বিচারক ও নির্বাহী ম্যাজিস্ট্রেট মো. শাহীদুল ইসলাম।

ভ্রাম্যমাণ আদালত সূত্র জানায়, সরকারি খাল থেকে মাটি কেটে ইটভাটায় সরবরাহ করার অভিযোগে সেলিম রেজা, সরকারি কাজে অসহযোগিতা করায় ফরজ আলী নামে ২ জনকে আটক করা হয়।

পরে পৃথক ভ্রাম্যমাণ আদালতে সেলিম রেজা ও ফরজ আলীকে ১৫দিন করে বিনাশ্রম কারাদণ্ড দেন ভ্রাম্যমাণ আদালতের বিচারক ও দৌলতপুর সহকারী কমিশনার (ভূমি) মো. শাহীদুল ইসলাম। পরে তাদের পুলিশের মাধ্যমে কারাগারে প্রেরণ করা হয়।

মাদক ব্যবসায়ীর কোন ছাড় নেই –এমপি সালাহউদ্দিন মিয়াজি

মাদক ব্যবসায়ীর কোন ছাড় নেই। মাদক ব্যবসায়ী কোন রাজনৈতিক দলের নেতা বা কর্মী হতে পারে না। তারা দেশ ও জাতির শত্রু। যদি কেউ রাজনৈতিক দলের নাম ভাঙিয়ে মাদক ব্যবসা করে এমন প্রমান পাওয়া যায় তাহলে তাকে দ্রুত আইনের আওতায় আনতে হবে। যা প্রশাসনের একার পক্ষে সম্ভব না। মাদক একটি সামাজিক ব্যাধি যা থেকে পরিত্রান পাওয়া অত্যন্ত জরুরী তা না হলে ধ্বংস হয়ে যাবে দেশ। নিজ নিজ এলাকার মাদক ব্যবসায়ীদের তালিকা তৈরি করে আইনশৃঙ্খলা বাহিনী কে তথ্য দিন। বঙ্গবন্ধু কন্যা জননেত্রী শেখ হাসিনা মাদককে জিরো টলারেন্স ঘোষণা করেছে। মাদকমুক্ত একটি সুশিক্ষিত জাতি গঠন অত্যন্ত জরুরী বলে মনে করছি।

কোটচাঁদপুর উপজেলা প্রশাসনের আয়োজনে ও জেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের সহযোগিতায় মাদক বিরোধী সেমিনারে প্রধান অতিথির বক্তব্যে এসব কথা বলেন ঝিনাইদাহ ৩ আসনের সাংসদ সদস্য

(অবঃ) মেজর জেনারেল সালাহউদ্দিন মিয়াজি।

আজ মঙ্গলবার (২৩ শে জানুয়ারি)সকালে “মাদক নয়, মৃত্যু নয়, মাদক মুক্ত জীবন চাই”এই প্রতিপাদ্য মাদকদ্রব্যের অপব্যবহার রোধ,ক্ষতিকর মাদক মির্মূল এবং মাদকের বিরুদ্ধে সামাজিক আন্দোলন গড়ে তোলার লক্ষে কোটচাঁদপুর উপজেলা পরিষদ অফিসার্স ক্লাব মিলনায়তনে এ মাদকবিরোধী সেমিনার অনুষ্ঠিত হয়। মাদকবিরোধী সেমিনারে সভাপতিত্ব করেন উপজেলা নির্বাহী অফিসার উছেন মে।

সে সময় বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন উপজেলা আওয়ামী লীগের সভাপতি ও উপজেলা চেয়ারম্যান শরিফুন্নেছা মিকি,উপজেলা ভাইস চেয়ারম্যান রিয়াজ হোসেন, মডেল থানার তদন্ত ওসি জগন্নাথ চন্দ্র, উপজেলা স্বাস্থ্য পরিবার পরিকল্পনা কর্মকর্তা আব্দুর রশিদ,বীর মুক্তিযোদ্ধা তাজুল ইসলাম,ইউপি চেয়ারম্যান আব্দুল মান্নান, উপজেলা সিনিয়র মৎস্য কর্মকর্তা সঞ্জয় কুমার, মহিলা বিষয়ক কর্মকর্তা শিলা বেগম, পাইলট মাধ্যমিক বিদ্যালয়ের শিক্ষক রাজিব, বীর জনতা পত্রিকা স্টাফ রিপোর্টার আব্দুল্লাহ বাশার, আজকের পত্রিকার সুব্রত কুমার প্রমুখ।

মাদক বিরোধী সেমিনার পরিচালনা করেন জেলা মাদক দ্রব্য নিয়ন্ত্রণ অধিদফতরের সহকারী পরিচালক গোলক মজুমদার। এ সময় উপজেলা প্রশাসনের বিভিন্ন দপ্তরে কর্মরত কর্মকর্তা কর্মচারী, সাংবাদিক, শিক্ষক সহ নানা শ্রেণী পেশার মানুষ উপস্থিত ছিলেন।

মেহেরপুরে চাউল মজুদ করায় ব্যবসায়ীর ১৫ হাজার টাকা জরিমানা

মেহেরপুর সদর উপজেলার বামনপাড়ায় অভিযান চালিয়ে চাউল মজুদ করার অপরাধে মেসার্স এম ট্রেডার্স নামের একটি প্রতিষ্ঠানকে ১৫ হাজার টাকা জরিমানা করেছে ভোক্তা অধিকার।

আজ মঙ্গলবার দুপুরে জেলা ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের সহকারী পরিচালক সজল আহমেদ এ অভিযান পরিচালনা করেন।

তিনি জানান, মেসার্স এম ট্রেডার্স নামক একটি চাউলের প্রতিষ্ঠানে অভিযানে খাদ্য বিভাগের লাইসেন্স বহির্ভূতভাবে অবৈধ চাউল মজুদ, চাউলের মুল্যতালিকা প্রদর্শন না করা এবং ক্রয় বিক্রয় ভাউচার সংরক্ষণ না করাসহ বিভিন্ন অপরাধে ভোক্তা অধিকার সংরক্ষণ আইন ২০০৯ এর ৩৮ ও ৪৫ ধারায় এম ট্রেডার্সের মালিককে ১৫ হাজার টাকা জরিমানা করা হয়।

অভিযান চলাকালে সকল ব্যবসায়ী আইন মেনে ব্যবসা পরিচালনা, মুল্যতালিকা প্রদর্শন ও ক্রয় বিক্রয় ভাউচার সংরক্ষণ করা এবং অতিরিক্ত দাম নেয়া থেকে বিরত থাকার জন্য সতর্ক করা হয়। এবং সচেতনতামূলক লিফলেট বিতরণ করা হয়।

অভিযানে জেলা কৃষি বিপণন কর্মকর্তা জনাব মো: আব্দুর রাজ্জাক এবং মেহেরপুর পুলিশ লাইনের একটি টিম অংশ নেন।

আলমডাঙ্গার ৫টি প্রতিষ্ঠান মালিককে জরিমানা

আলমডাঙ্গায় ভ্রাম্যমাণ আদালত ৫টি দোকানে অভিযান চালিয়ে ৪০ হাজার টাকা জরিমানা করেছে। নির্বাহী ম্যাজিস্ট্রেট সহকারী কমিশনার ভূমি রেজওয়ানা নাহিদের নেতৃত্বে আজ সোমবার দুপুরের দিকে এ ভ্রাম্যমাণ আদালত পরিচালিত হয়।

এসময় চুয়াডাঙ্গার জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের সহকারী পরিচালক সজল আহমেদ পৃথক ভ্রাম্যমাণ অভিযান পরিচালনা করেন।

জানা গেছে, আলমডাঙ্গা পৌর এলাকার চাল পট্টিতে উপজেলা সহকারী কমিশার (ভূমি) রেজওয়ানা নাহিদের নেতৃত্বে ভ্রাম্যমাণ আদালতের অভিযান পরিচালিত হয়। দ্রব্য মূল্যের নিয়ন্ত্রণ ও ও অবৈধ মজুদ বন্ধে বাজার মনিটারিং কার্যক্রমের অংশ হিসেবে অভিযানে লক্ষী

ভান্ডারের মালিক অসিত কুমারকে ৩০ হাজার টাকা, চাল ব্যবসায়ী আবদার আলী বিশ্বাসকে-৫ হাজার, রুবেল বিশ্বাসকে-৩ হাজার, আশরাফুল হককে - ১ হাজার, জাহিদুল ইসলামকে-১ হাজার টাকা জরিমানা করা হয়।

উপজেলার ভারপ্রাপ্ত (ইউএনও) রেজওয়ানা নাহিদ বলেন, নিত্য প্রয়োজনীয় দ্রব্যমূল্যের ঊর্ধ্বগতি রোধ এবং অবৈধ মজুদ বন্ধে বাজার মনিটরিং কার্যক্রমের অংশ হিসেবে এ ভ্রাম্যমাণ আদালত পরিচালিত হয়।

অন্যদিকে চুয়াডাঙ্গা জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের সহকারী পরিচালক সজল আহম্মেদ বলেন, চাল বাজারে অস্থিরতা ও অবৈধভাবে গোডাউন জাত বন্ধে বাজার মনিটরিং করা হয়। মেয়াদউত্তীর্ণ আটা, ভূসি বিক্রি ও মজুদের অভিযোগে ভ্রাম্যমাণ অভিযান পরিচালনা করা হয়।

অভিযানকালে আরও উপস্থিত ছিলেন খাদ্য গুদাম রক্ষণ ভারপ্রাপ্ত (ওসি) এলএসডি আব্দুল আলিম ও পুলিশের সাব-ইন্সপেক্টর মারজাহান মোনায়েমসহ পুলিশের একটি দল অংশ নেন।

মুজিবনগরে ৬০ বোতল ফেনসিডিলসহ ব্যবসায়ী আটক

মেহেরপুরের মুজিবনগর উপজেলায় জেলা গোয়েন্দা (ডিবি) পুলিশের মাদকবিরোধী অভিযানে ৬০ বোতল ফেনসিডিলসহ মাদক ব্যবসায়ীকে আটক করা হয়েছে।

আজ সোমবার (২২ জানুয়ারি) রাত ৮ টার দিকে মুজিবনগর উপজেলার আনন্দবাস গ্রামের টাকি মাস্টারের মেহগনি বাগানের সামনে বটতলার মোড় নামক স্থান থেকে মাদক ব্যবসায়ী মোঃ জহির উদ্দিন হালসানা
(২৭) কে আটক করে ডিবি পুলিশ।

আটককৃত মোঃ জহির উদ্দিন হালসানা সোনাপুর গ্রামের ছয়রুদ্দিন হালসানার ছেলে।

এ সময় জেলা গোয়েন্দা শাখার (ডিবি) ইন্সপেক্টর মোঃ তরিকুল ইসলামের নেতৃত্বে উপস্থিত ছিলেন এসআই (নি:) অরুণ কুমার দাস, এএস আই (নি:) মোহাম্মদ মাসুদ রানাসহ সঙ্গীয় ফোর্স।

এ ঘটনায় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে মুজিবনগর থানায় মামলার রুজু প্রক্রিয়াধীন রয়েছে।

ঝিনাইদহে ৬৪০পিচ ইয়াবাসহ ২ মাদক ব্যবসায়ী আটক

ঝিনাইদহ সদর উপজেলার পদ্মাকর গ্রাম থেকে ইয়াবাসহ দুই মাদক ব্যবসায়ীকে আটক করেছে পুলিশ। রোববার রাতে তাদের আটক করা হয়।

আটককৃতরা হলো-পদ্মাকর ইউনিয়নের চাপড়ী গ্রামের দয়াল চন্দ্র বিশ্বাসের ছেলে দীপ্ত কুমার বিশ্বাস (৩২) ও শৈলকুপা উপজেলার দেবতলা গ্রামের ইখতিয়ার মন্ডলের ছেলে জাহিদ হাসান (৩৫)।

ঝিনাইদহ সদর থানার ওসি শাহীন উদ্দিন জানান, পদ্মাকর গ্রামে মাদক ক্রয়-বিক্রয় হচ্ছে এমন সংবাদের ভিত্তিতে সদর থানার হাটগোপালপুর পুলিশ ক্যাম্পের ইনচার্জ আহসানুর রহমান সঙ্গীয় ফোর্স নিয়ে সেখানে অভিযান চালায়। সেসময় দীপ্ত কুমার ও জাহিদ হাসান নামের দুইজনকে আটক করা হয়। সেসময় তাদের কাছ থেকে উদ্ধার করা হয় ৬৪০ পিচ ইয়াবা ও মাদক বিক্রির নগদ ২৫ হাজার টাকা। এ ঘটনায় সদর থানায় মামলা হয়েছে। তাদের বিরুদ্ধে সদর থানাসহ বিভিন্ন থানায় একাধিক মামলা আছে বলে জানিয়েছে পুলিশ।

মেহেরপুরে দুই কেজি গাঁজাসহ আটক ১

মেহেরপুরে জেলা গোয়েন্দা (ডিবি) পুলিশের মাদকবিরোধী অভিযানে ২ কেজি গাঁজাসহ এক জনকে আটক করা হয়েছে।

আজ সোমবার (২২ জানুয়ারি) ভোর সাড়ে ৫ টার দিকে মেহেরপুর সদর উপজেলার আমঝুপি ইউনিয়নের কারিকর পাড়া থেকে খোসবার মন্ডল (৫২) কে আটক করে পুলিশ।

জানা গেছে,মেহেরপুর টু চুয়াডাঙ্গা গামী পাঁকা রাস্তার উপর অবৈধ মাদকদ্রব্য উদ্ধারের চেকপোস্টে অভিযান পরিচালনাকালে গোল্ডেন লাইন পরিবহনের মধ্যে থাকা এক ব্যক্তি পুলিশের উপস্থিতি টের পাইয়া বাস থেকে নেমে দৌড় দিয়ে পালানোর চেষ্টা করে। পরে সংগীয় ফোর্সের সহায়তায় তাঁকে ধরে তল্লাশী করলে স্কচটেপ দ্বারা মোড়ানো অবস্থায় ২ কেজি গাঁজা উদ্ধার করা হয়।

এসময় জেলা গোয়েন্দা শাখার পরিদর্শক রত্নেশ্বর কুমার মন্ডল,এসআই নূর মোহাম্মদ মোস্তফাসহ সঙ্গীয় ফোর্স উপস্থিত ছিলো।

এ ঘটনায় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে মেহেরপুর সদর থানায় মামলা প্রক্রিয়াধীন হয়েছে।

চুয়াডাঙ্গা জেলা পুলিশের সাপ্তাহিক মাস্টার প্যারেড অনুষ্ঠিত

চুয়াডাঙ্গা পুলিশ লাইন্স প্যারেড গ্রাউন্ডে জেলার সকল ইউনিট ইনচার্জ ও অফিসার ফোর্সদের অংশগ্রহণে রবিবার সকাল সাড়ে নয়টার সময় সাপ্তাহিক মাস্টার প্যারেড অনুষ্ঠিত হয়েছে।

চুয়াডাঙ্গা জেলার পুলিশ সুপার আর এম ফয়জুর রহমান পিপিএম-সেবা অভিবাদন মঞ্চ থেকে সালামি গ্রহণ শেষে প্যারেড পরিদর্শন করেন।

প্যারেড অধিনায়কের দায়িত্ব পালন করেন চুয়াডাঙ্গা অতিরিক্ত পুলিশ সুপার(ক্রাইম এন্ড অপস্) মোঃ নাজিম উদ্দিন আল আজাদ, পিপিএম-সেবা। এ সময় পুলিশ সুপার প্যারেডে অংশগ্রহণকারী অফিসার ফোর্সদের শারীরিক ফিটনেস ও টার্ন আউটের উপর ভিত্তি করে জিএস (গুড সার্ভিসেস) মার্ক প্রদান করেন।

পুলিশ সুপার প্যারেড পরিদর্শনান্তে সন্তুষ্টি প্রকাশ করেন এবং জেলা পুলিশের সকল সদস্যের উদ্দেশ্যে আইজিপি রেঞ্জ ডিআইজি প্রদত্ত নির্দেশনা বক্তব্যের মাধ্যমে তুলে ধরেন । এছাড়াও পুলিশ সুপার ২০২৪ সালের ১ম মাস্টার প্যারেডে উপস্থিত টিম চুয়াডাঙ্গার সর্বস্তরের প্রিয় সহকর্মীবৃন্দদের আন্তরিক শুভেচ্ছা জানান। শীতের তীব্রতা উপেক্ষা করে চুয়াডাঙ্গা জেলা পুলিশের বিভিন্ন ইউনিটের পুলিশ সদস্যবৃন্দের চমৎকার টার্ণ আউট সুনিপুন প্যারেড প্রদর্শনীর জন্য প্রশংসা করেন।

এ সময় তিনি বলেন, সুষ্ঠু সমাজ ব্যবস্থা প্রতিষ্ঠিত রাখার জন্য পুলিশের ভূমিকা অত্যন্ত গুরুত্বপূর্ণ। রাষ্ট্রের একটি অপরিহার্য অঙ্গ হিসেবে পুলিশ দুষ্টের দমন ও শিষ্টের পালন করে থাকে। এ মহান দায়িত্ব পালন করতে আইন-শৃঙ্খলা আমাদের শক্তি যোগায়। মাস্টার প্যারেড আমাদের শৃঙ্খলাবদ্ধ হতে সহায়তা করে। পুলিশের স্মার্ট টার্ণ আউট ও আধুনিক কলাকৌশল রপ্ত করার জন্য নিয়মিত প্যারেড অনুশীলনের বিকল্প নেই। সদ্য সমাপ্ত দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচনে আপনারা পেশাদারিত্বের সাথে দায়িত্ব পালন করছেন। সেজন্য আপনাদের সকলের প্রতি কৃতজ্ঞতা ও ধন্যবাদ জ্ঞাপন করছি। আজকের মাস্টার প্যারেডে নৈপুণ্য প্রদর্শনের জন্য সকল ফোর্সকে GS মার্ক এবং ১০০(একশত) টাকা অর্থ পুরস্কার প্রদান করা হলো।

এ সময় উপস্থিত ছিলেন, অতিরিক্ত পুলিশ সুপার (প্রশাসন ও অর্থ) রিয়াজুল ইসলাম, অতিরিক্ত পুলিশ সুপার (ক্রাইম এন্ড অপস্) নাজিম উদ্দীন আল আজাদ পিপিএম, অতিরিক্ত পুলিশ সুপার (সদর সার্কেল) আনিসুজ্জামান, সহকারী পুলিশ সুপার (দামুড়হুদা সার্কেল) জাকিয়া সুলতানা, চুয়াডাঙ্গা পুলিশ হাসপাতালের মেডিকেল অফিসার হুমায়রা আক্তার,পুলিশ পরিদর্শক(নিঃ) সাইফুল ইসলাম, ডিএসবি সকল অফিসার ইনচার্জ, কোর্ট পুলিশ পরিদর্শক, আরআই, আরওআই, টিআই (প্রশাসন), সকল ক্যাম্প ইনচার্জসহ চুয়াডাঙ্গা জেলা পুলিশের বিভিন্ন